**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।

কোটেশনের মাধ্যমে অফিস আনুসাঙ্গিক ক্রয়
এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর : ৩১.০০.০০০০.০৯১.৩০.০০১.২০-৮১৬ তারিখ : ৩০ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রতি,

..........................

..........................

১। প্রকল্প পরিচালক এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে **০৭ মে ২০২৫; সময় দুপুর ২:০০** বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "**অফিস আনুসাঙ্গিক** ক্রয় এর জন্য কোটেশন এবং **০৭ মে ২০২৫; সময় দুপুর ২: ৩০** এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **৬০** দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে **১৫** দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭** দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

৩০/৪/২৫

(মোহাম্মদ মাহফুজুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮
ফোনঃ ০২ ৪১০২৫৫৮৬
ইমেইল: pdlandzoning@minland.gov.bd

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব, উন্নয়ন, ভূমি মন্ত্রণালয় এর সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প (ভূমি জোনিং প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. নোটিশ বোর্ড।
৬. অফিস কপি